২২

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 JUN 1997 ...
পৃষ্ঠা ১২ কলাম ৬

# আলিয়া মাদ্রাসা ছাত্রাবাসে পুলিশের অভিযান ।। রিভলবারসহ ৫ জন গ্রেফতার

ইত্তেফাক রিপোর্ট ।। গত মঙ্গলবার মধ্যরাতে লালবাগ থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে বকশী বাজারস্থ আলিয়া মাদ্রাসার ছাত্রাবাসে অভিযান চালাইয়া ১টি দেশীয় তৈরী রিভলবারসহ ৫ জনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত সকলেই আলিয়া মাদ্রাসার ছাত্র। পুলিশ জানায়, লালবাগ থানায় ৩ টি মামলার এজাহারভুক্ত কয়েকজন আসামী আলিয়া মাদ্রাসার ছাত্রাবাসে অবস্থান করিতেছে, এই গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার রাত ৩টার দিকে অভিযান চালাইয়া এজাহারভুক্ত আসামী রাশেদুল ইসলাম ও নজরুল ইসলামকে গ্রেফতার

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)।

## আলিয়া মাদ্রাসা

(১ম পৃঃ পর)

করে। পুলিশ জানায়, একই ছাত্রাবাসের ৩৭১ নং কক্ষে অস্ত্রসহ আরও কয়েকজন অবস্থান করিতেছে এই সংবাদের ভিত্তিতে উক্ত কক্ষে আকস্মিক অভিযান চালাইয়া ৪ রাউণ্ড গুলীসহ ১টি দেশীয় তৈরী রিভলবার উদ্ধার এবং এই ব্যাপারে জড়িত থাকার অভিযোগে ৩ জনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত ছাত্ররা হইতেছে, নূরুল আফসার, শাখাওয়াত হোসেন ও হারুন। এই ব্যাপারে পুলিশ আর কিছু জানায় নাই। তবে গ্রেফতার লইয়া কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই বলিয়া পুলিশ জানায়।